ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৬৯
জিরানীয়া, ১ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস ঃ জিরানীয়ায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

আসন্ন ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আজ জিরানীয়া মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা রাণী দাস, জিরানীয়া বিএসি'র চেয়ারম্যান শুভমনি দেববর্মা, বেলবাড়ি বিএসি'র চেয়ারম্যান রোকেন দেববর্মা, জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্ল দাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্যা মঞ্জু দাস, মহকুমা শাসক অনিমেষ ধর, এসডিপিও কমল কৃষ্ণ কলই, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম, পুরাতন আগরতলা ব্লকের বিডিও শান্তনু দত্ত, বেলবাড়ি ব্লকের বিডিও সমীরণ রায়, পশ্চিম ত্রিপুরা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থসারথি সাহা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, পুলিশ প্রশাসনের প্রতিনিধিগণ, স্থানীয় বাজার কমিটির প্রতিনিধি, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকাগণ এবং সমাজসেবী রণজিৎ রায় চৌধুরী, অভিজিত দেববর্মা।

সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়, আগামী ১৫ আগস্ট মহকুমার মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে জিরানীয়াস্থিত বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে, আরক্ষা বাহিনীর কুচকাওয়াজ প্রদর্শন ও অভিবাদন গ্রহণ করা হবে। মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা পরিবেশিত হবে দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান, যোগা প্রদর্শন এবং অন্যান্য অনুষ্ঠান।

মহকুমার বিভিন্ন বিদ্যালয় ও অফিসে অনুষ্ঠিত হবে স্বচ্ছতা অভিযান এবং সরকারি প্রতিষ্ঠানগুলিতে আলোকসজ্জা করা হবে। জিরানীয়া ও রাণীরবাজার স্বাস্থ্য কেন্দ্রে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। আসন্ন স্বাধীনতা দিবসকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে মহকুমা শাসক অনিমেষ ধর সবার সহযোগিতা কামনা করেন।

*******